

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



জেলা পর্যায়ের অফিসের সেবা প্রোফাইল

District Level Offices'
Service Profile

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

জেলা পর্যায়ের অফিসের
সেবা প্রোফাইল
District Level Offices'
Service Profile

মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়

দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
জেলা অফিসের নাম : জেলা পানি উন্নয়ন বিভাগ



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

জেলা পর্যায়ের অফিসের

সেবা প্রোফাইল

স্বত্ব © ২০১৫

মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং এটুআই

প্রথম প্রকাশ:

জুন, ২০১৫

প্রকাশনা:

মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়

তত্ত্বাবধান:

মোঃ নজরুল ইসলাম, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
মোঃ আফজাল হোসেন, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা
কবির বিন আনোয়ার, প্রকল্প পরিচালক, এটুআই ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়

পরিকল্পনা ও গবেষণা:

মোহাম্মদ লুৎফুর রহমান, ডোমেইন স্পেশালিস্ট, এটুআই

প্রণয়ন:

মোঃ মোস্তাফিজুর রহমান, প্রোগ্রামার, চিফ মনিটরিং এর দপ্তর, ওয়াপদা ভবন, ঢাকা
মুহাম্মদ শহিদ শিকদার, প্রোগ্রামার, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর বাপউবো, ঢাকা
মোঃ আলমগীর হোসেন, সহকারী প্রোগ্রামার, বন্যা পূর্বাভাস ও সতর্ককীরণ সার্কেল, ৭২ খীন রোড, ঢাকা

সম্পাদনা:

আনীর চৌধুরী, পলিসি অ্যাডভাইজর, এটুআই
ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক, এটুআই
মোহাম্মদ লুৎফুর রহমান, ডোমেইন স্পেশালিস্ট, এটুআই
মোহাম্মদ হোসেন সরকার, কনসালটেন্ট, এটুআই
মোঃ ফিরোজ কবীর, কনসালটেন্ট, এটুআই
শেখ হাফিজুর রহমান, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

সহযোগিতা:

কে এ এম মোর্শেদ, অ্যাসিস্ট্যান্ট কান্ট্রি ডিরেক্টর, ইউএনডিপি
আফতাব আহমদ, প্রোগ্রাম অ্যানালিস্ট, ইউএনডিপি
মিজানুর রহমান, এডমিন স্পেশালিস্ট, এটুআই
নাইমুজ্জামান মুক্তা, জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ, এটুআই
ফরহাদ জাহিদ শেখ, আইটি ম্যানেজার, এটুআই
জোবায়ের আলম, প্রকল্প সহকারী, এটুআই
ফারাবি তারানুম, প্রকল্প সহকারী, এটুআই

প্রচ্ছদ পরিকল্পনা ও সমন্বয়:

এরশাদুল হামিদ পাভেল, কমিউনিকেশন এসোসিয়েট
এবং কমিউনিকেশন অ্যান্ড পার্টনারশীপ টিম, এটুআই

ডিজাইন ও মুদ্রণ:

রিয়েল প্রিন্টিং অ্যান্ড অ্যাডভারটাইজিং
কে আর প্লাজা, ৩১ পুরানা পল্টন, ফোন: ০২-৯৫১৩২৪৮



মুখবন্ধ

সেবাপ্রত্যাশী নাগরিকদের চাহিদা পূরণের লক্ষ্যে ২০০০ সালে জনপ্রশাসন সংস্কার কমিশন (Public Administration Reform Commission-PARC) সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়নের সুপারিশ করে। নাগরিক সনদ প্রবর্তনের অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল সেবাগ্রহীতাদেরকে প্রাপ্য সেবা সম্পর্কে অবহিত করা। সেবা গ্রহণের ক্ষেত্রে সরকারি সেবাপ্রাপ্তির সময়, ব্যয় এবং সেবা প্রদানকারী অফিসে সেবাগ্রহীতার গমন সংখ্যা (Time, Cost & Visit-TCV) গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-তে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিকবান্ধব সেবা প্রদানের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। উক্ত নির্দেশমালায় সেবা পদ্ধতি সহজিকরণ (Service Process Simplification-SPS) অন্তর্ভুক্ত করা হয়েছে, যা সেবার মানোন্নয়নে সরকারি কর্মকর্তাদেরকে উদ্বুদ্ধ করবে।

সুশাসনের অন্যতম পূর্বশর্ত হচ্ছে সরকারি প্রতিষ্ঠানগুলোকে সেবা প্রদানে সক্ষম ও গতিশীল করা এবং তাদের দায়বদ্ধতা নিশ্চিত করা। তথ্য অধিকার আইন, ২০০৯ কার্যকর হওয়ার পর সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সেবা সম্পর্কিত তথ্য প্রদানের বাধ্যবাধকতার সৃষ্টি হয়েছে। এসব বিবেচনায় জনসম্মুখি অর্জনের লক্ষ্যে সরকারি দপ্তরের সেবাসমূহের বিস্তারিত তথ্যাবলি একই স্থানে (Single Access Point) সন্নিবেশ ও বিশ্লেষণ করার জন্য 'সেবা প্রোফাইল' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। এই প্রোফাইলে প্রতিটি সরকারি দপ্তরের পরিচিতি, কার্যপরিধি, সাংগঠনিক কাঠামো, সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়, সেবাপ্রাপ্তির স্থান, সেবা পেতে প্রয়োজনীয় কাগজপত্র, সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আনুষঙ্গিক খরচ, সেবা প্রদান সম্পর্কিত বিধিবিধান এবং সেবা না পেলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা সম্পর্কে বিস্তারিত তথ্য সংযোজন করা হয়েছে, যা সরকারি সেবা তথ্য সরবরাহের ক্ষেত্রে একটি মাইলফলক।

এ সেবা প্রোফাইল প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত মন্ত্রিপরিষদ বিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং এটুআই প্রোগ্রামের সকল কর্মকর্তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই বইটি সরকারি সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ধারণাকে আরও স্বচ্ছ করবে এবং সেবা পদ্ধতি সহজ করতে তাদেরকে উদ্বুদ্ধ করবে। সবচেয়ে বড় কথা, সেবাগ্রহীতাগণের জন্য বইটি বিশেষ উপকারে আসবে বলে আমি বিশ্বাস করি।

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব



ভূমিকা

বিশ্বায়নের এ যুগে অপরাপর দেশের সাথে তাল মিলিয়ে প্রত্যাশিত মানের সেবা প্রদানের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ। জনসেবা নিশ্চিতকরণের মাধ্যমে জনসন্তুষ্টি বিধান এবং নাগরিক সেবার প্রতিশ্রুতিস্বরূপ বর্তমান সরকার ২০০৯ সাল থেকে সরকারি অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন এবং এর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে। এছাড়া, সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সেবা সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য প্রদানের বাধ্যবাধকতা সৃষ্টির লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ কার্যকর করা হয়। মে, ২০১৪ সালে তথ্য কমিশন কর্তৃক স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা জারি করা হয়েছে। উল্লিখিত উদ্যোগসমূহ জনগণের কাছে সরকারি প্রতিষ্ঠানসমূহের জবাবদিহিতা এবং স্বচ্ছতা প্রতিষ্ঠার পাশাপাশি সেবার মান উন্নীতকরণে ইতোমধ্যেই অবদান রাখতে শুরু করেছে।

রূপকল্প-২০২১ এর লক্ষ্যসমূহ অর্জনে একটি দক্ষ এবং জনবান্ধব প্রশাসনের বিকল্প নেই। এ কথা অনস্বীকার্য যে, তথ্য-প্রযুক্তির উৎকর্ষতা এবং আধুনিক প্রশিক্ষণের ফলে সরকারি দপ্তরে কাজের দক্ষতা এবং পরিধি বৃদ্ধি পেয়েছে, আবার শিক্ষায় প্রাথমিক ও জনসচেতনতা বৃদ্ধির সাথে জনপ্রত্যাশাও ক্রমান্বয়ে বেড়ে চলেছে। সরকারি বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে বর্তমানে বিজ্ঞানভিত্তিক পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অহেতুক কালক্ষেপণ এবং কাজের জটিলতা হ্রাসে বিভিন্নমুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি কাজে তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ জারি করা হয়েছে। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ২৫৯-২৬২ নং নির্দেশনায় যথাক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি, সেবা পদ্ধতি সহজিকরণ (Service Process Simplification), সেবা-ডেস্ক (Help Desk) স্থাপন এবং নাগরিক মতামত ব্যবস্থাপনার বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

কম খরচে, দ্রুত জনগণের দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দিতে প্রচলিত নাগরিক সেবা প্রদান পদ্ধতি সহজিকরণ প্রয়োজন। সহজ ও জনবান্ধব সেবা পদ্ধতি চালু করতে হলে বিদ্যমান পদ্ধতির ধাপগুলোর অনুপূজ্য বিশ্লেষণ জরুরি। এই বিশ্লেষণের মাধ্যমে প্রতিটি সেবার বাস্তব সমস্যা, প্রতিবন্ধকতা, পশ্চাৎগতি, পদ্ধতিগত শূন্যতা নির্ণয় করা যায়, যা সেবার মান উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারে।

সেবা প্রদানে অধিকতর সম্পৃক্ততা বিবেচনায় উপজেলা পর্যায়ে দপ্তর রয়েছে এরূপ ২২টি অধিদপ্তর/সংস্থা এবং জেলা পর্যায়ে দপ্তর রয়েছে এরূপ ১৪টি অধিদপ্তর/সংস্থার সেবা প্রোফাইল প্রণয়ন প্রথম পর্যায়ে বিবেচনায় নেওয়া হয়েছে। সেবা প্রোফাইলে কোনো নির্দিষ্ট সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানে প্রয়োজনীয় সময় ও কাগজপত্র, সেবাপ্রাপ্তির স্থান, সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা গ্রহণের আনুষঙ্গিক খরচ, সেবাসংশ্লিষ্ট বিধিবিধান এবং সেবা পেতে ব্যর্থ হলে কার কাছে প্রতিকার পাওয়া যাবে ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে। সেবা প্রোফাইল প্রণয়নে সংশ্লিষ্ট দপ্তরের বিশেষজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে পরিকল্পনা প্রণয়ন, তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ এবং সেমিনার, কর্মশালা ও মুখোমুখি আলোচনার মাধ্যমে পরামর্শ গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে প্রণীত 'খসড়া সেবা প্রোফাইল' টি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পরামর্শ ও মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হয়েছে।

যাঁদের অক্লান্ত পরিশ্রম, নিষ্ঠা এবং আন্তরিকতার ফলে এই সেবা প্রোফাইল প্রণীত এবং প্রকাশিত হতে যাচ্ছে তাঁরা সবাই প্রশংসার দাবিদার। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও এর আওতাধীন দপ্তরের বিষয় বিশেষজ্ঞ ও ইনোভেশন টিমের সদস্যগণের আন্তরিক সহযোগিতা ছাড়া এই প্রোফাইল প্রণয়ন দুঃসাধ্য ছিল। এই প্রোফাইল প্রণয়নে মন্ত্রিপরিষদ বিভাগ, ইউএনডিপি এবং ইউএসএইড'র কর্মকর্তাগণ মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহযোগিতা প্রদান করেছেন। এই সেবা প্রোফাইল তৈরিতে এটুআই প্রোগ্রামের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করেছেন, যার ফলে বাংলা ভাষায় প্রথমবারের মতো এ ধরনের পুস্তক প্রকাশিত হতে যাচ্ছে। যাঁরা বিভিন্ন সেমিনার, কর্মশালা এবং আলোচনায় মতামত দিয়ে এ পুস্তককে সমৃদ্ধ করেছেন তাঁদের প্রতিও কৃতজ্ঞতা রইল। এই সেবা প্রোফাইলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে বা কোনো পরামর্শ থাকলে তা sps@a2i.pmo.gov.bd ঠিকানায় ই-মেইল করার জন্য অনুরোধ করছি।

মোঃ আবুল কালাম আজাদ

মুখ্য সচিব

প্রধানমন্ত্রীর কার্যালয় ও সভাপতি

প্রজেক্ট স্ট্রয়ারিং কমিটি, এটুআই



সেবা প্রোফাইল: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ। কৃষি উন্নয়নের জন্য পানিসম্পদের টেকসই উন্নয়ন ও ব্যবস্থাপনা অপরিহার্য। পানি সম্পদ মন্ত্রণালয় এর অধীনস্থ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দেশের পানি সম্পদের উন্নয়ন ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বন্যা প্রতিরোধ, সেচব্যবস্থা, পানি নিষ্কাশন, আবাদযোগ্য জমি লবণাক্ততা থেকে রক্ষা, সমুদ্র হতে নতুন জমি পুনরুদ্ধার কাজে নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে। বছরে এ সংস্থা এক কোটি মেট্রিক টনেরও বেশি অতিরিক্ত খাদ্য উৎপাদনের মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তাছাড়া সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে- যার ইতিবাচক সুফল জনসাধারণ ইতোমধ্যে পেতে শুরু করেছে। বলা যায়, বর্তমান সময়ে পাবলিক অফিস থেকে প্রদেয় সেবা বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা পূর্বের যেকোনো সময়ের চেয়ে বেশি। জনসম্পৃক্ত সেবাসমূহের মানের এ ক্রম উন্নতি অব্যাহত রাখতে সরকার নতুন নতুন নীতিনির্ধারণী পদক্ষেপ গ্রহণ করছে। সকল সরকারি দপ্তরে নাগরিক সনদ তৈরি ও এর বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রত্যাশী জনগণকে সরকারি অফিস থেকে প্রদেয় সেবা সম্পর্কে অবহিতকরণ ও প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে। জনবান্ধব সরকার বিষয়টি অনুধাবন করে পর্যায়ক্রমে সকল সরকারি অফিসের সেবা প্রোফাইল তৈরি ও সেবা পদ্ধতি সহজিকরণের মাধ্যমে প্রদেয় সেবা তুলনামূলক কম সময়, কম খরচ এবং কম মিথস্ক্রিয়ার মাধ্যমে প্রদানের উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে উপজেলা ও জেলা পর্যায়ে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের 'সেবা প্রোফাইল' বই আকারে এবং অনলাইনে প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত।

এ সেবা প্রোফাইল বইটির মাধ্যমে কোনো নির্দিষ্ট সেবা প্রদান পদ্ধতি ও সেবাপ্রাপ্তির সময়, সেবা গ্রহণের খরচ, সেবা সংশ্লিষ্ট বিধি-বিধান এবং সেবা পেতে ব্যর্থ হলে কোথায় প্রতিকার পাওয়া যাবে ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তথ্য সন্নিবেশ করা হয়েছে। আশা করা যায়, এ উদ্যোগের সফল বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডও এর আওতাধীন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের অফিস থেকে সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হওয়ার পাশাপাশি সেবা গ্রহণে হয়রানি কমে আসবে। তাছাড়া প্রোফাইল বইটির মাধ্যমে যে কারোর পক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের যেকোনো তথ্য জানা সহজতর হবে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নাগরিক সেবা-সংবলিত প্রাথমিক পর্যায়ে প্রণীত এই সেবা প্রোফাইল পরবর্তীতে সংশ্লিষ্ট সকলের অভিমত ও পরামর্শের ভিত্তিতে আরও সমৃদ্ধ হবে বলে আশা করছি। এই সেবা প্রোফাইল প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সেবা প্রোফাইলটি পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সাধারণ সেবাগ্রহীতা ও সংশ্লিষ্টদের উপকারে আসবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

ড. জাফর আহমেদ খান

সচিব

পানি সম্পদ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা



Empowered lives.
Resilient nations.

Message

The Government of Bangladesh has undertaken various initiatives to link its citizens with public services, reducing the time and cost associated with accessing services and increasing the effectiveness and efficiency of public service delivery.

This Service Profile book aims to apprise citizens of the services being provided from public offices. It has been designed entirely with the citizen in mind, providing a single point for service information and further simplifying the process of accessing public services. The Service Profile explains in detail the relevant laws, the administrative process, the cost and the time required to avail public services currently being offered across 36 Directorates. Additionally, it provides practical information on service providing departments, including the scope of service that citizens can expect, the steps to obtaining a service, and the relevant contact information. It integrates the recent opportunities being offered through Information Communication Technology, including the provision of online and mobile e-services. By providing this Service Profile, the government is further empowering its citizens to initiate and accelerate the process of accessing the information and services available to them.

The Government of Bangladesh can be proud of its recent achievements in enhancing public service delivery to its citizens. A number of regional and global counterparts have expressed their desire to learn of the information-led developments occurring in Bangladesh. I am pleased with the support the Access to Information (A2I) project has provided, and this first ever Service Profile book is a testament to the tireless efforts of our government counterparts and project staff. I thank our partners for their ongoing commitment, particularly the US Agency for International Development.

I am sure this Service Profile book will facilitate local government in effectively responding to the demand of citizens and in the ongoing strengthening of public service delivery and reform of public administration.

Pauline Tamesis
Country Director
UNDP-Bangladesh

সূচিপত্র

অধ্যায়-১

১. পানি উন্নয়ন বোর্ড-প্রোফাইল	২
১.১ একনজরে প্রতিষ্ঠানের প্রোফাইল	২
১.২ পানি উন্নয়ন বোর্ড- পরিচিতি	২
১.৩ পানি উন্নয়ন বোর্ড-অর্গানোগ্রাম	৩
১.৪ পানি উন্নয়ন বোর্ড-কার্যক্রম	৪
১.৫ একনজরে বিভাগীয় (জোনাল) অফিস	৫
১.৬ বিভাগীয় (জোনাল) অফিসের অর্গানোগ্রাম	৫
১.৭ একনজরে বিভাগীয় (সার্কেল) অফিস	৬
১.৮ সার্কেল অফিসের অর্গানোগ্রাম	৬
১.৯ একনজরে বিভাগীয় অফিস	৭
১.১০ বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম	৭
১.১১ একনজরে উপ-বিভাগীয় অফিস	৮
১.১২ উপ-বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম	৮

অধ্যায়-২

২. নাগরিক-সেবার তথ্যাবলি	১০
২.১ নাগরিক- সেবার তালিকা (জেলা/উপজেলা পর্যায়)	১০
২.২ নাগরিক-সেবার তথ্য সারণি	১১

অধ্যায়-৩

৩. নাগরিক সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ	১৬
৩.১ সেবার নাম: ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের অভিজ্ঞতার সনদ প্রদান	১৬
৩.১.১ সেবা প্রোফাইল	১৬
৩.১.২ প্রসেস ম্যাপ	১৭
৩.২ সেবার নাম: বাপাউবো'র পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য ও উপাত্ত প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফর কাস্টিং সার্কেল	১৮
৩.২.১ সেবা প্রোফাইল	১৮
৩.২.২ প্রসেস ম্যাপ	১৯
৩.৩ সেবার নাম: জমি ইজারা/মৎস্য চাষ/বৃক্ষরোপণ	২০
৩.৩.১ সেবা প্রোফাইল	২০
৩.৩.২ প্রসেস ম্যাপ	২১
৩.৪ সেবার নাম: সারাদেশে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বাভাস	২২
৩.৪.১ সেবা প্রোফাইল	২২
৩.৪.২ প্রসেস ম্যাপ	২৩
৩.৫ সেবার নাম: মোবাইল, ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল মাধ্যম ব্যবহার করে বন্যার পূর্বাভাস যথাসময়ে জনসাধারণকে পৌঁছে দেওয়ার ব্যবস্থা চালু করা	২৪
৩.৫.১ সেবা প্রোফাইল	২৪
৩.৫.২ প্রসেস ম্যাপ	২৫

৩.৬ সেবার নাম: সেচ কার্যক্রম পরিচালনা ও সেচকর সংগ্রহ	২৬
৩.৬.১ সেবা প্রোফাইল	২৬
৩.৬.২ প্রসেস ম্যাপ	২৭
৩.৭ সেবার নাম: বন্যা নিয়ন্ত্রণ/পানি নিষ্কাশন কাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, নদীভাঙন রোধ/তীর সংরক্ষণ কাজ	২৮
৩.৭.১ সেবা প্রোফাইল	২৮
৩.৭.২ প্রসেস ম্যাপ	২৯
৩.৮ সেবার নাম: যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার ব্যবহার ও ভাড়া	৩০
৩.৮.১ সেবা প্রোফাইল	৩০
৩.৮.২ প্রসেস ম্যাপ	৩১

Acronyms and Abbreviations ৩২

সেবা প্রোফাইল বুকের তালিকা ৩৪



জনগণের দোরগোড়ায় সেবা
Service @ Doorsteps

অধ্যায় ১

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড: প্রোফাইল

- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পরিচিতি
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কার্যপরিধি
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামো

১. পানি উন্নয়ন বোর্ড-প্রোফাইল


১.১ একনজরে প্রতিষ্ঠানের প্রোফাইল				
প্রতিষ্ঠানের নাম	বাংলা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড		
	ইংরেজি	Bangladesh Water Development Board		
	সংক্ষিপ্ত	বাপাউবো (BWDB)		
অফিস প্রধানের পদবি	মহাপরিচালক	নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়	
বিভাগীয় অফিস সংখ্যা		জেলা অফিস সংখ্যা		উপজেলা অফিস সংখ্যা
০৯		২১টি সার্কেল অফিসসহ ৭৮টি জেলা অফিস		২০১টি উপ-বিভাগীয় অফিস
যোগাযোগের তথ্যাবলি	ঠিকানা	মহাপরিচালক	ফোন নং	৯৫৫২১৯৪, ৯২৬৪৬৬৫
		বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৩য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা	ফ্যাক্স নং	+৮৮-০২-৯৫৭৪৭৬৩
		www.bwdb.gov.bd www.bangladesh.gov.bd	ই-মেইল	dg@bwdb.gov.bd dg.bwdb.bd@gmail.com

১.২ পানি উন্নয়ন বোর্ড - পরিচিতি

১৯৫৪ এবং ১৯৫৫ সালের ভয়াবহ বন্যার পর ক্ষয়ক্ষতি কমিয়ে খাদ্য উৎপাদন বাড়ানোর লক্ষ্যে ১৯৫৭ সনে জাতিসংঘের অধীনে গঠিত ক্রুগমিশন এর সুপারিশক্রমে এতদঞ্চলের পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের লক্ষ্যে ১৯৫৯ সনে পূর্ব পাকিস্তান পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ (ইপিওয়াপদা) গঠন করা হয়। বর্তমান বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) ইপিওয়াপদা এর পানি উইং হিসেবে দেশের বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প বাস্তবায়ন করে কৃষি ও মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দেশের পানি সম্পদ ব্যবস্থাপনায় প্রধান সংস্থা হিসেবে কার্যক্রম আরম্ভ করে। স্বাধীনতার পর ১৯৭২ সনের মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং: ৫৯ মোতাবেক ইপিওয়াপদা এর পানি অংশ একই ম্যান্ডেট নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) সম্পূর্ণ স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। অতঃপর সংস্কার ও পুনর্গঠনের ধারাবাহিকতায় জাতীয় পানিনিতি, ১৯৯৯ ও জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০০৪ এর সাথে সামঞ্জস্য রেখে বাপাউবো আইন, ২০০০ প্রণয়ন করা হয়। এ আইনের আওতায় মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে ১৩ সদস্যবিশিষ্ট পানি পরিষদের মাধ্যমে বোর্ডের শীর্ষ নীতিনির্ধারণ ও ব্যবস্থাপনা পরিচালিত হচ্ছে।



১.৩ পানি উন্নয়ন বোর্ড-অর্গানোগ্রাম



১.৪ পানি উন্নয়ন বোর্ড-কার্যক্রম

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ অনুসারে বাপাউবোর্ডের কার্যাবলি নিম্নরূপ

ক. কাঠামোগত কার্যাবলি:


- নদী ও অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন, সেচ ও খরা প্রতিরোধের লক্ষ্যে জলাধার, ব্যারেজ, বাঁধ, রেগুলেটর বা অন্য যেকোনো অবকাঠামো নির্মাণ
- সেচ, মৎস্য চাষ, নৌ-পরিবহন, বনায়ন, বন্যপ্রাণী সংরক্ষণ ও পরিবেশের সার্বিক উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে পানি প্রবাহের উন্নয়ন কিংবা পানি প্রবাহের গতিপথ পরিবর্তনের জন্য জলপথ, খাল-বিল ইত্যাদি পুনঃখনন
- ভূমি সংরক্ষণ, ভূমি পরিবৃদ্ধি ও পুনরুদ্ধার এবং নদীর মোহনা নিয়ন্ত্রণ
- নদীতীর সংরক্ষণ এবং নদীভাঙন হতে সম্ভাব্য ক্ষেত্রে শহর, বাজার, হাট এবং ঐতিহাসিক ও জাতীয় জনগুরুত্বপূর্ণ স্থানসমূহ সংরক্ষণ
- উপকূলীয় বাঁধ নির্মাণ ও সংরক্ষণ
- লবণাক্ততার অনুপ্রবেশ রোধ ও মরুভূমি প্রশমন
- সেচ, পরিবেশ সংরক্ষণ ও পানীয় জল আহরণের লক্ষ্যে বৃষ্টির পানি ধারণ

খ. অকাঠামোগত ও সহায়ক কার্যাবলি :

- ✓ বন্যা ও খরা পূর্বাভাস সতর্কীকরণ
- ✓ পানিবিজ্ঞান সম্পর্কিত অনুসন্ধানকার্য পরিচালনা এবং এতদসম্পর্কিত তথ্য ও উপাত্ত গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ
- ✓ পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারের সংশ্লিষ্ট সংস্থার সহযোগিতায় এবং সম্ভাব্য ক্ষেত্রে বোর্ডের সৃষ্ট অবকাঠামোভুক্ত নিজেস্ব জমিতে বনায়ন, মৎস্য চাষ কর্মসূচি বাস্তবায়ন এবং বাঁধের উপর রাস্তা নির্মাণ
- ✓ বোর্ডের কার্যাবলির ওপর মৌলিক ও প্রায়োগিক গবেষণা
- ✓ বোর্ড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সুফল সংশ্লিষ্ট সুবিধাভোগীদের মধ্যে অব্যাহত রাখার লক্ষ্যে সুবিধাভোগীদের সংগঠিতকরণ, প্রকল্পে তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রকল্প রক্ষণাবেক্ষণ ও পরিচালন এবং প্রকল্প ব্যয় পুনরুদ্ধারসংক্রান্ত বিভিন্ন কলাকৌশল ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন, বাস্তবায়ন ও পরিচালনা ইত্যাদি।

১.৫ একনজরে বিভাগীয় (জোনাল) অফিস		
নাম	বাংলা	প্রধান প্রকৌশলীর কার্যালয়
	ইংরেজি	Office of the Chief Engineer's
	সংক্ষিপ্ত	CE
অফিস সংখ্যা	৯	
অফিস প্রধানের পদবি	প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী	
জনবল	২০ (অবস্থানভেদে)	


১.৬ বিভাগীয় (জোনাল) অফিসের অর্গানোগ্রাম



১.৭ একনজরে বিভাগীয় (সার্কেল) অফিস


নাম	বাংলা	তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
	ইংরেজি	Superintendent Engineer's Office
	সংক্ষিপ্ত	SE
অফিস সংখ্যা	২১	
অফিস প্রধানের পদবি	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	
জনবল	১৩ (অবস্থানভেদে)	

১.৮ সার্কেল অফিসের অর্গানোগ্রাম




১.৯ একনজরে বিভাগীয় অফিস		
নাম	বাংলা	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
	ইংরেজি	Executive Engineer's Office
	সংক্ষিপ্ত	XEN
অফিস সংখ্যা	৭৮	
অফিস প্রধানের পদবি	নির্বাহী প্রকৌশলী	
জনবল	১৮ (অবস্থানভেদে)	

১.১০ বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম



১.১১ একনজরে উপ-বিভাগীয় অফিস		
নাম	বাংলা	উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়
	ইংরেজি	Sub-Divisional Engineer's Office
	সংক্ষিপ্ত	SD
অফিস সংখ্যা	২০১	
অফিস প্রধানের পদবি	উপ-বিভাগীয় প্রকৌশলী	
জনবল	৮ (অবস্থানভেদে)	

১.১২ উপ-বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম





জনগণের দোরগোড়ায় সেবা
Service @ Doorsteps

অধ্যায় ২

নাগরিক সেবার তথ্যাবলি

- নাগরিক- সেবার তালিকা
- নাগরিক- সেবার তথ্য সারণি/Citizen Service Information Map (CSIM)

২. নাগরিক সেবার তথ্যাবলি

২.১ নাগরিক সেবার তালিকা (জেলা/উপজেলা পর্যায়)

সেবা ক্রমিক নং	সেবার নাম	সেবার পর্যায় (জেলা/উপজেলা পর্যায়)
১	ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের অভিজ্ঞতার সনদ প্রদান	সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট জেলা/ উপজেলা পর্যায়ের অফিস
২	বাপাউবো'র পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য ও উপাত্ত প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফর কাস্টিং সার্কেল	জেলা/উপজেলা পর্যায়ের অফিস
৩	জমি ইজারা/মৎস্য চাষ/বৃক্ষরোপণ	মাঠ পর্যায়ে: নির্বাহী প্রকৌশলীর দপ্তর কেন্দ্রীয়ভাবে: ভূমি ও রাজস্ব পরিদপ্তর, আনসার চেম্বার, মতিঝিল, ঢাকা
৪	সারাদেশে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বাভাস	বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
৫	মোবাইল, ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল মাধ্যম ব্যবহার করে বন্যা পূর্বাভাস যথাসময়ে জনসাধারণকে পৌঁছে দেওয়ার ব্যবস্থা চালু করা	যেকোনো মোবাইল হতে ১০৯৪১ নাম্বারে ডায়াল করে প্রতিদিনের বন্যা পূর্বাভাস শুনতে পারবেন
৬	সেচ কার্যক্রম পরিচালনা ও সেচ কর সংগ্রহ	মাঠ পর্যায়ে: নির্বাহী প্রকৌশলী/সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর। কেন্দ্রীয়ভাবে: প্রধান পানি ব্যবস্থাপকের দপ্তর, আনসার চেম্বার, মতিঝিল, ঢাকা
৭	বন্যা নিয়ন্ত্রণ/পানি নিষ্কাশন কাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, নদীভাঙন রোধ/তীর সংরক্ষণ কাজ	নির্বাহী প্রকৌশলীর দপ্তর
৮	যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার ব্যবহার ও ভাড়া	মাঠ পর্যায়ে: নির্বাহী প্রকৌশলীর দপ্তর কেন্দ্রীয়ভাবে: বাপাউবো'র যান্ত্রিক/ড্রেজার পরিদপ্তর

২.২ নাগরিক সেবার তথ্য সারণি

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের গতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স/ আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বার্ষিক পরবর্তী প্রতিবেদনকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০১	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়/ সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট অফিস	ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের আন্তর্জাতিক সনদ প্রদান	১. সংশ্লিষ্ট পত্র বিতরণের নির্বাহী প্রকৌশলী/সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট অফিস প্রধান ২. সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী	সংশ্লিষ্ট বিভাগের অন্তর্গত উন্নয়নমূলক কাজ সমাপ্তির পর প্রকৃত ঠিকাদার কর্তৃক কাজের সনদপ্রাপ্তির জন্য নির্বাহী প্রকৌশলী বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। আবেদনপত্রটি যাচাই-বাহাই করার পর সত্যতা পাওয়া গেলে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের আন্তর্জাতিক সনদ প্রদান করা হয়।	৮-১০ কর্ম দিবস	বিনামূল্যে	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. পিপিআর, ২০০৮	তত্ত্বাবধায়ক প্রকৌশলী
০২	তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিস/ অ্যাড ফ্ল্যাড ফোর কাস্টিং কার্কেল, বাপাউবো, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২১৫	বাপাউবো'র পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য ও উপাত্ত প্রসেসিং অ্যান্ড ফ্ল্যাড ফর কাস্টিং কার্কেল	১. সিস্টেম এনালিস্ট ২. প্রোগ্রামার ৩. সহকারী প্রকৌশলী ৪. সহকারী প্রোগ্রামার ৫. ডাটা এন্ট্রি অপারেটর	সেবাগ্রহীতা পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্তের জন্য বাপাউবো কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী বরাবর আবেদন করতে হয়। আবেদনপত্র ও নির্ধারিত ফি প্রদানের রসিদ পরীক্ষা করে সন্তোষজনক হলে সিস্টেম এনালিস্টের মাধ্যমে ডাটা বেইজ থেকে চাহিত তথ্য ও উপাত্ত সংগ্রহ করে সেবাগ্রহীতাকে প্রদান করা হয়।	২-৭ দিন	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক আরোপিত হার অনুযায়ী	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০	প্রধান প্রকৌশলী পানিবিজ্ঞান
০৩	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	জমি ইজারা/ মৎস্য চাষ/ বৃক্ষরোপণ	১. নির্বাহী প্রকৌশলী ২. সম্প্রসারণ অফিসার ৩. শাখা কর্মকর্তা	বৃক্ষরোপণ/মৎস্য চাষের জন্য জমি ইজারা পাওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী বরাবর আবেদন করতে হয়। আবেদনপত্র যাচাই-বাহাই করে সন্তোষজনক হলে ইজারা প্রদান করা যায় মর্মে সুপারিশ তত্ত্বাবধায়ক ও প্রধান প্রকৌশলীর মাধ্যমে ভূমি ও রাজস্ব পরিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। ভূমি ও রাজস্ব পরিদপ্তর কর্তৃক অনুমোদনের পর নির্ধারিত ইজারামূল্য পরিশোধের জন্য আবেদনকারীকে অনুরোধ করা হয়। নির্ধারিত ইজারামূল্য পরিশোধের পর নির্বাহী প্রকৌশলী কর্তৃক চুক্তিনামায় স্বাক্ষর করা হয়।	৫০-৭০ দিন	প্রচলিত সরকারি বিধি মোতাবেক	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. পিপিআর, ২০০৮	তত্ত্বাবধায়ক প্রকৌশলী

২.২ নাগরিক সেবার তথ্য সারণি

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স/ আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বর্ষ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০৪	বন্যা পূর্বভাস ও সতর্কীকরণ কেন্দ্র	সারাদেশে বন্যা পূর্বভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট	১. নির্বাহী প্রকৌশলী ২. উপ-বিভাগীয় প্রকৌশলী ৩. সহঃ প্রকৌশলী ৪. সহঃ প্রোগ্রামার ৫. ডাটা এন্ট্রি অপারেটর ৬. টিসিও/টিপিও	বন্যা পূর্বভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বভাস ওয়েবসাইটের (www.ffwc.gov.bd) অনলাইন, ই-মেইল ও মোবাইলের মাধ্যমে প্রচার করা হয়।	তথ্য প্রদানে তাৎক্ষণিক (তবে প্রস্তুতি নিতে ১-২ দিন)	বিনামূল্যে	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. Standing Order on Disaster (SOD)	সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী
০৫	বন্যা পূর্বভাস ও সতর্কীকরণ কেন্দ্র	মোবাইল, ইন্টারনেট ও অ্যান্ড্রয়ড ডিজিটাল মাধ্যম ব্যবহার করে বন্যা পূর্বভাস যথাসময়ে জনসাধারণকে গোঁছে দেওয়ার ব্যবস্থা চালু করা	১. নির্বাহী প্রকৌশলী ২. উপ-বিভাগীয় প্রকৌশলী ৩. সহঃ প্রকৌশলী ৪. সহঃ প্রোগ্রামার ৫. ডাটা এন্ট্রি অপারেটর ৬. টিসিও/টিপিও	বন্যা পূর্বভাস ও সতর্কীকরণ বার্তা সর্বসাধারণের বোধগম্য করার লক্ষ্যে বাংলায় ও ইংরেজিতে ওয়েবসাইটের (www.ffwc.gov.bd) মাধ্যমে অনলাইনে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়। তাছাড়া, দেশের যেকোনো প্রান্তের জনগণ যেকোনো মোবাইল হতে ১০৯৪১ নাম্বারে ডায়াল করে প্রতিদিন ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাসের পূর্বভাস শুনতে পারেন।	তাৎক্ষণিক/ প্রতিবছর বন্যা মৌসুমে (মে মাস থেকে অক্টোবর মাস পর্যন্ত)	বিনামূল্যে	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. Standing Order on Disaster (SOD)	সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী
০৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	সোচ কার্যক্রম পরিচালনা ও সোচকর সংগ্রহ	১. সংশ্লিষ্ট পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী ২. উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা ৩. সম্প্রসারণ অফিসার ৪. সহকারী সম্প্রসারণ অফিসার ৫. সম্প্রসারণ উপ-পরিদর্শক	সাধারণ কৃষককে বাপাউবো সোচ প্রকল্পের উপকৃত কৃষকদের সমন্বয়ে গঠিত পানি ব্যবস্থাপনা গ্রুপের সভাপতি বরাবর নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন করতে হয়। পানি ব্যবস্থাপনা গ্রুপ উক্ত আবেদনটি যাচাই-বাছাই করে পানির প্রয়োজনীয়তা বিচার করে আবেদনকারী কৃষককে সেচের পানি নির্ধারিত সময়ে প্রদান করা হয়। কৃষকের আতিরিক্ত পানির জন্য অতিরিক্ত ফি প্রদান করতে হয়। আদায়কৃত অর্থ সুবিধোভোগী সংগঠনের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহ করা হয়।	<ul style="list-style-type: none"> দাপ্তরিক কার্যক্রম- ৩০-৩৫ দিন সোচ পরিচালনা- সেচ মৌসুমে দৈনিক 	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সোচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা, ২০০৩ মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সোচ সার্ভিস চার্জ আরোপিত হার অনুযায়ী	১. বাংলাদেশ পানি আইন, ২০১৩ ২. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ৩. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সোচ সার্ভিস চার্জ প্রবিধানমালা, ২০০৩ ৪. অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০০০	তত্ত্বাবধায়ক প্রকৌশলী

২.২ নাগরিক সেবার তথ্য সারণি

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স/ আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বার্ষিক হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০৭	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	বন্যা নিয়ন্ত্রণ/পানি নিষ্কাশন কাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, নদীভাঙন রোধ/তীর সংরক্ষণ কাজ	১। সংশ্লিষ্ট পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী/সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট অফিস প্রধান ২। সম্পাদিত কাজ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী	সংশ্লিষ্ট এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বাপাউবোর কর্মকর্তার সম্মুখে বন্যা নিয়ন্ত্রণ/পানি নিষ্কাশন ও রক্ষণাবেক্ষণ, নদীভাঙন রোধ/তীর সংরক্ষণের জন্য প্রকল্পের প্রাথমিক অনুসন্ধান কাজ পরিচালনা করে বিস্তারিত সমীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে বাস্তবায়নযোগ্য প্রকল্পের জন্য ডিপিপি প্রস্তুত করা হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের আর্থিক সীমা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন বা একনেক কর্তৃক ডিপিপি অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রকল্পের এডিপি প্রণয়ন করা হয়। অতঃপর প্রচলিত সরকারি বিধিবিধান, নীতি ও আইন অনুসারে প্রকল্প বাস্তবায়ন করা হয়।	০১-০৫ বছর		১. বাংলাদেশ পানি আইন, ২০১৩ ২. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ৩. জাতীয় পানিনিতি, ১৯৯৯	তত্ত্বাবধায়ক প্রকৌশলী
৭০	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার ব্যবহার ও ভাড়া	১) নির্বাহী প্রকৌশলী ২) যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী	বাপাউবোর যেকোনো ড্রেজিং ভাড়া পেতে চাইলে প্রত্যাহী সংস্থাকে সরাসরি প্রধান প্রকৌশলী, ড্রেজারস, পাউবো বরাবর প্রয়োজনীয়তা উল্লেখ করে আবেদন করতে হয়। প্রাপ্ত আবেদনটি যাচাই-বাছাই ও সরজমিনে পরিদর্শন করে সন্তোষজনক হলে বাপাউবো প্রচলিত দর অনুসারে মোট ভাড়ার মূল্যের ২৫% অগ্রিম টাকা প্রদানের শর্তে আবেদনটি অনুমোদন করা হয়। আবেদনকারী অগ্রিম মূল্য পরিশোধ করলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ব্যবহারকারী/আবেদনকারীর সাথে চুক্তিপত্র (নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) সম্পাদন করতে হয়। চুক্তিপত্র সম্পাদন করতে ব্যবহারকারী/পার্টির ২ দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও নমুনা স্বাক্ষর দাখিল করতে হবে।	১৫-২০ দিন	প্রচলিত সরকারি বিধি মোতাবেক	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. জাতীয় পানিনিতি, ১৯৯৯	সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী অথবা বাপাউবোর ড্রেজার পরিদপ্তর



জনগণের দোরগোড়ায় সেবা
Service @ Doorsteps

অধ্যায় ৩

নাগরিক সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ:

- সেবা প্রোফাইল- সেবা গ্রহণের জন্য যেসব তথ্য জানা প্রয়োজন
- প্রসেস ম্যাপ- সেবা প্রদান প্রক্রিয়ার ধাপসমূহের রেখাচিত্র


৩. নাগরিক সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ

৩.১ সেবার নাম: ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের অভিজ্ঞতার সনদ প্রদান			
৩.১.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
নির্বাহী প্রকৌশলীর অফিস/সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট অফিস	১. সংশ্লিষ্ট পওর বিভাগের নির্বাহী প্রকৌশলী/সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট অফিস প্রধান। ২. সম্পাদিত কাজ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী।	নির্বাহী প্রকৌশলীর অফিস/সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট অফিস	৮-১০ কর্মদিবস
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	সংশ্লিষ্ট বিভাগের অন্তর্গত উন্নয়নমূলক কাজ সমাপ্তির পর প্রকৃত ঠিকাদার কর্তৃক কাজের সনদপ্রাপ্তির জন্য নির্বাহী প্রকৌশলী বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। আবেদনপত্রটি যাচাই-বাছাইয়ের পর সত্যতা পাওয়া গেলে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের অভিজ্ঞতার সনদ প্রদান করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	প্রকৃত কাজ সম্পাদনকারী কর্তৃক আবেদন এবং বাস্তবে কাজ সম্পাদন		
প্রয়োজনীয় কাগজপত্র	১. আবেদনপত্র ২. কাজ সম্পাদনের/চুক্তিপত্রের কপি		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বিনামূল্যে		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. পিপিআর, ২০০৮		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সেবা প্রদানকারী নির্বাহী প্রকৌশলী হলে সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	ভুল তথ্য উপস্থাপন করা	
	খ) সরকারি পর্যায়	অধিক পুরাতন তথ্য যাচাইয়ে সময়ক্ষেপণ	
বিবিধ/অন্যান্য			
বি. দ্র. অত্র সেবা প্রোফাইল বুকে কাজের যে সময়সীমা ধরা হয়েছে তা আপেক্ষিক, ক্ষেত্রবিশেষে কম/বেশি সময় লাগতে পারে।			

৩.১.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের অভিজ্ঞতার সনদ প্রদান


ধাপ সংখ্যা: ৭-১৫
সম্পূর্ণ জনবল: ৬ জন
সময়: সর্বোচ্চ ৮-১০ কর্মদিবস



৩.২ সেবার নাম: বাপাউবো'র পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য ও উপাত্ত প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফর কাস্টিং সার্কেল			
৩.২.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফোর কাস্টিং সার্কেল, বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২১৫	১. সিস্টেম এনালিস্ট ২. প্রোগ্রামার ৩. সহকারী প্রকৌশলী ৪. সহকারী প্রোগ্রামার ৫. ডাটা এন্ট্রি অপারেটর	তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফোর কাস্টিং সার্কেল, বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫	২-৭ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	সেবাগ্রহীতা পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্তের জন্য বাপাউবো কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে নির্বাহী প্রকৌশলী বরাবর আবেদন করতে হয়। আবেদনপত্র ও নির্ধারিত ফি প্রদানের রসিদ পরীক্ষা করে সন্তোষজনক হলে সিস্টেম এনালিস্টের মাধ্যমে ডাটা বেইজ থেকে সংগ্রহ করে চাহিত তথ্য ও উপাত্ত সেবাগ্রহীতাকে প্রদান করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	তথ্য উপাত্তসমূহ কী কাজে ব্যবহৃত হবে তার যথাযথ কারণ উল্লেখকরণ		
প্রয়োজনীয় কাগজপত্র	ব্যাংক ড্রাফ/পে-অর্ডারসহ একটি আবেদনপত্র		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক আরোপিত হার অনুযায়ী		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	উক্ত দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী বরাবর 'সেবা প্রদানে ব্যর্থ' মর্মে এক কপি চিঠি ইস্যু করে অনুলিপি প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান এর বরাবর প্রেরণ করতে হবে		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	প্রযোজ্য নয়	
	খ) সরকারি পর্যায়	প্রযোজ্য নয়	
বিবিধ/অন্যান্য			

৩.২.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: বাপাউবো'র পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য ও উপাত্ত প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফর কাস্টিং সার্কেল




৩.৩ সেবার নাম: জমি ইজারা/মৎস্য চাষ/বৃক্ষরোপণ			
৩.৩.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়	১. নির্বাহী প্রকৌশলী ২. সম্প্রসারণ অফিসার ৩. শাখা কর্মকর্তা	নির্বাহী প্রকৌশলীর অফিস	৫০-৭০ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	বৃক্ষরোপণ/মৎস্য চাষের জন্য জমি ইজারা পাওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী বরাবর আবেদন করতে হয়। আবেদনপত্র যাচাই-বাছাই করে সন্তোষজনক হলে ইজারা প্রদান করা যায় মর্মে সুপারিশ তত্ত্বাবধায়ক ও প্রধান প্রকৌশলীর মাধ্যমে ভূমি ও রাজস্ব পরিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। ভূমি ও রাজস্ব পরিদপ্তর কর্তৃক অনুমোদনের পর নির্ধারিত ইজারামূল্য পরিশোধের জন্য আবেদনকারীকে জানানো হয়। নির্ধারিত ইজারামূল্য পরিশোধের পর নির্বাহী প্রকৌশলী কর্তৃক চুক্তিনামায় স্বাক্ষর করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. পিপিআর, ২০০৮		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	প্রচলিত সরকারি বিধি মোতাবেক আরোপিত হার অনুযায়ী		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	ভুল তথ্য উপস্থাপন করা	
	খ) সরকারি পর্যায়	অধিক পুরাতন তথ্য যাচাইয়ে সময়ক্ষেপণ	
বিবিধ/অন্যান্য			

৩.৩.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: জমি ইজারা/মৎস্য চাষ/বৃক্ষরোপণ

ধাপ সংখ্যা: ১৫টি
সম্পৃক্ত জনবল: ১০ জন
সময়: সর্বোচ্চ ৫০-৭০ দিন




৩.৪ সেবার নাম: সারাদেশে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বাভাস			
৩.৪.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র ওয়াপদা ভবন (৯ম তলা), মতিঝিল, ঢাকা	১. নির্বাহী প্রকৌশলী, ২. উপ-বিভাগীয় প্রকৌশলী ৩. সহঃপ্রকৌশলী ৪. সহঃপ্রোগ্রামার ৫. ডাটা এন্ট্রি অপারেটর ৬. ডাটা কালেক্টর	<ul style="list-style-type: none"> বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা www.ffwc.gov.bd মোবাইল গ্রাহকেরা ১০৯৪১ নাম্বারে ডায়াল করে সেবা পেতে পারেন 	তথ্য প্রদানে তাৎক্ষণিক (তবে প্রস্তুতি নিতে ১-২ দিন)
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বাভাস ওয়েবসাইটের (www.ffwc.gov.bd) মাধ্যমে অনলাইন, ই-মেইল ও মোবাইলের মাধ্যমে প্রচার করা হচ্ছে। তাছাড়া দেশের যেকোনো প্রান্তের জনগণ যেকোনো মোবাইল হতে ১০৯৪১ নাম্বারে ডায়াল করে প্রতিদিন ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাসের পূর্বাভাস শুনতে পারেন।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	প্রযোজ্য নয়		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. Standing Order on Disaster (SOD)		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	ভুল তথ্য উপস্থাপন করা	
	খ) সরকারি পর্যায়	অধিক পুরাতন তথ্য যাচাইয়ে সময়ক্ষেপণ	
বিবিধ/অন্যান্য			

৩.৪.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: সারাদেশে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় পানি সমতল ও বৃষ্টিপাতের
উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বাভাস

ধাপ সংখ্যা: ১৪
সম্পৃক্ত জনবল: ১০ জন
সময়: তথ্য প্রদানে তাৎক্ষণিক
(তবে প্রস্তুতি নিতে ১-২ দিন)



**৩.৫ সেবার নাম: মোবাইল, ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল মাধ্যম ব্যবহার করে
বন্যার পূর্বাভাস যথাসময়ে জনসাধারণকে পৌঁছে দেওয়ার ব্যবস্থা চালু**


৩.৫.১ সেবা প্রোফাইল

সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র ওয়াপদা ভবন (৯ম তলা), মতিঝিল, ঢাকা	১. নির্বাহী প্রকৌশলী ২. উপ-বিভাগীয় প্রকৌশলী ৩. সহকারী প্রকৌশলী ৪. সহকারী প্রোগ্রামার ৫. ডাটা এন্ট্রি অপারেটর ৬. ডাটা কালেক্টর	<ul style="list-style-type: none"> বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা www.ffwc.gov.bd মোবাইল গ্রাহকেরা ১০৯৪১ নাম্বারে ডায়াল করে সেবা পেতে পারেন 	তাৎক্ষণিক যেকোনো মোবাইল হলে ১০৯৪১ নম্বরে ফোন করে এবং www.ffwc.gov.bd ওয়েবসাইট হতে প্রতিবছর বন্যা মৌসুমে (মে মাস থেকে অক্টোবর মাস পর্যন্ত) দৈনিক
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বাভাস ওয়েবসাইটের (www.ffwc.gov.bd) মাধ্যমে অনলাইন, ই-মেইল ও মোবাইলের মাধ্যমে প্রচার করা হচ্ছে। দেশের যেকোনো প্রান্তের জনগণ যেকোনো মোবাইল হতে ১০৯৪১ নাম্বারে ডায়াল করে প্রতিদিন ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাসের পূর্বাভাস শুনতে পারবেন।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বিনামূল্যে		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ এবং ২. Standing Order on Disaster (SOD)		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	ভুল তথ্য উপস্থাপন করা	
	খ) সরকারি পর্যায়	অধিক পুরাতন তথ্য যাচাইয়ে সময়ক্ষেপণ	
বিবিধ/অন্যান্য			

৩.৫.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: মোবাইল, ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল মাধ্যম ব্যবহার করে
বন্যার পূর্বাভাস যথাসময়ে জনসাধারণকে পৌঁছে দেওয়ার ব্যবস্থা চালু করা

ধাপ সংখ্যা: ১৪টি
সম্পৃক্ত জনবল: ১০ জন
সময়: তাৎক্ষণিক




৩.৬ সেবার নাম: সেচ কার্যক্রম পরিচালনা ও সেচকর সংগ্রহ			
৩.৬.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
নির্বাহী প্রকৌশলীর দপ্তর	১. নির্বাহী প্রকৌশলী ২. উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা ৩. সম্প্রসারণ অফিসার ৪. সহকারী সম্প্রসারণ অফিসার ৫. সম্প্রসারণ উপ-পরিদর্শক	বাপাউবো সেচ প্রকল্পের উপকৃত কৃষকদের সমন্বয়ে গঠিত পানি ব্যবস্থাপনা সংগঠনের মাধ্যমে	<ul style="list-style-type: none"> দাপ্তরিক কার্যক্রম- ৩০-৩৫ দিন সেচ পরিচালনা- সেচ মৌসুমে দৈনিক
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	সাধারণ কৃষককে বাপাউবো সেচ প্রকল্পের উপকৃত কৃষকদের সমন্বয়ে গঠিত পানি ব্যবস্থাপনা গ্রুপের সভাপতি বরাবর নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন করতে হয়। পানি ব্যবস্থাপনা গ্রুপ উক্ত আবেদনটি যাচাই-বাছাই করে পানির প্রয়োজনীয়তা বিচার করে আবেদনকারী কৃষককে সেচের পানি নির্ধারিত সময়ে প্রদান করা হয়। কৃষকের অতিরিক্ত পানির জন্য অতিরিক্ত ফি প্রদান করতে হবে। আদায়কৃত অর্থ সুবিধাভোগী সংগঠনের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহ করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	১. বাংলাদেশ পানি আইন, ২০০০ ২. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা, ২০০৩ ৩. অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০০০		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজন নেই		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	সংগঠনের নির্ধারিত ফি প্রদান		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. বাংলাদেশ পানি আইন, ২০০০ ২. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সেচ সার্ভিস চার্জ আরোপ ও আদায় প্রবিধানমালা, ২০০৩ ৩. অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০০০		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	ভুল তথ্য উপস্থাপন করা	
	খ) সরকারি পর্যায়	অধিক পুরাতন তথ্য যাচাইয়ে সময়ক্ষেপণ	
বিবিধ/অন্যান্য			

৩.৬.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: সেচ কার্যক্রম পরিচালনা ও সেচকর সংগ্রহ

ধাপ সংখ্যা: ৬টি
সম্পৃক্ত জনবল: ৫ জন
সময়: ৩০-৩৫ দিন




৩.৭ সেবার নাম: বন্যা নিয়ন্ত্রণ/পানি নিষ্কাশন কাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, নদীভাঙন রোধ/তীর সংরক্ষণ কাজ			
৩.৭.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
নির্বাহী প্রকৌশলীর দপ্তর	১. নির্বাহী প্রকৌশলী/সম্পাদিত কাজের সাথে সংশ্লিষ্ট অফিস প্রধান ২. সম্পাদিত কাজ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী	বাপাউবো নির্বাহী প্রকৌশলীর দপ্তর	০১-০৫ বছর
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	সংশ্লিষ্ট এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বাপাউবো'র কর্মকর্তার সমন্বয়ে বন্যা নিয়ন্ত্রণ/পানি নিষ্কাশন ও রক্ষণাবেক্ষণ, নদীভাঙন রোধ/তীর সংরক্ষণের জন্য প্রকল্পের প্রাথমিক অনুসন্ধান কাজ পরিচালনা করে বিস্তারিত সমীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে বাস্তবায়নযোগ্য প্রকল্পের জন্য ডিপিপি প্রস্তুত করা হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের আর্থিক সীমা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন বা একনেক কর্তৃক ডিপিপি অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রকল্পের এডিপি প্রণয়ন করা হয়। অতঃপর প্রচলিত সরকারি বিধিবিধান, নীতি ও আইন অনুসারে প্রকল্প বাস্তবায়ন করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. জাতীয় পানিনিতি, ১৯৯৯		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	প্রযোজ্য নয়		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. জাতীয় পানিনিতি, ১৯৯৯		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	ভুল তথ্য উপস্থাপন করা	
	খ) সরকারি পর্যায়	অধিক পুরাতন তথ্য যাচাইয়ে সময়ক্ষেপণ	
বিবিধ/অন্যান্য			

৩.৭.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: বন্যা নিয়ন্ত্রণ/পানি নিষ্কাশন কাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, নদীভাঙন রোধ/তীর সংরক্ষণ কাজ

ধাপ সংখ্যা: ৬টি
সম্পৃক্ত জনবল: ০৫-২০ জন
সময়: ১-৫ বছর




৩.৮ সেবার নাম: যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার ব্যবহার ও ভাড়া			
৩.৮.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
নির্বাহী প্রকৌশলীর (ড্রেজার) দপ্তর	১. নির্বাহী প্রকৌশলী ২. যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী	বাপাউবো নির্বাহী প্রকৌশলীর (ড্রেজার) দপ্তরের মাধ্যমে	১৫-২০ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	বাপাউবো'র যেকোনো ড্রেজিং ভাড়া পেতে চাইলে প্রত্যাশী সংস্থাকে সরাসরি প্রধান প্রকৌশলী, ড্রেজারস, পাউবো বরাবর প্রয়োজনীয়তা উল্লেখ করে আবেদন করতে হয়। প্রাপ্ত আবেদনটি যাচাই-বাহাই ও সরজমিনে পরিদর্শন করে সন্তোষজনক হলে বাপাউবো প্রচলিত দর অনুসারে মোট ভাড়ার মূল্যের ২৫% অগ্রিম টাকা প্রদানের শর্তে আবেদনটি অনুমোদন করা হয়। আবেদনকারী অগ্রিম মূল্য পরিশোধ করলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ব্যবহারকারী/আবেদনকারীর সাথে চুক্তিপত্র (নন-জুডিশিয়াল স্ট্যাম্প) সম্পাদন করতে হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. জাতীয় পানিনিতি, ১৯৯৯		
প্রয়োজনীয় কাগজপত্র	১. ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও নমুনা স্বাক্ষর দাখিল করতে হবে ২. নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	প্রচলিত সরকারি ও বাপাউবো কতৃক নির্ধারিত ফি প্রদান		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ ২. জাতীয় পানিনিতি, ১৯৯৯		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী অথবা বাপাউবো ড্রেজার পরিদপ্তর		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	ভুল তথ্য উপস্থাপন করা	
	খ) সরকারি পর্যায়	অধিক পুরাতন তথ্য যাচাইয়ে সময়ক্ষেপণ	
বিবিধ/অন্যান্য			

৩.৮.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: যান্ত্রিক সরঞ্জাম ও ড্রেজার ব্যবহার ও ভাড়া

ধাপ সংখ্যা: ৫টি
সম্পৃক্ত জনবল: ৫ জন
সময়: ১৫-২০ দিন



Acronyms and Abbreviations

Acronyms and Abbreviations BWDB

AE	Assistant Engineer
BMD	Bangladesh Metrological Department
BWDB	Bangladesh Water Development Board
CE	Chief Engineer
CCT	Climate Change Trust Fund
DEO	Data Entry Operator
EE	Executive Engineer
FFWC	Flood Forecasting & Warning Centre
GO	Government Organization
NGO	Non Government Organization
SDE	Sub-Divisional Engineer
SE	Superintendent Engineer
SOD	Standing Order on Disaster
NESS	National E-Service System
NID Card	National Identity Card
NSR	NESS Service Recipient
TIN	Tax Payer's Identification Number
UNO	Upazila Nirbahi Officer
UDC	Union Digital Center
VAT	Value Added Tax
ইপিওয়াপদা	ইস্ট পাকিস্তান ওয়াটার অ্যান্ড পাওয়ার ডেভেলপমেন্ট অথোরিটি
একনেক	এক্সিকিউটিভ কমিটি অব ন্যাশনাল ইকোনোমিক কাউন্সিল
এডিপি	এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম
এমই	মেকানিক্যাল ইকুইপমেন্ট
ওয়াপদা	ওয়াটার অ্যান্ড পাওয়ার ডেভেলপমেন্ট অথোরিটি
ওয়ান্ডএম	অপারেশন অ্যান্ড মেন্টেইনেন্স
বাপাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কাবিখা	কাজের বিনিময়ে খাদ্য
পিঅ্যান্ডডি	প্লানিং অ্যান্ড ডিজাইন
পিপিআর	পাবলিক প্রকিউরমেন্ট রুলস
টিসিও	টেলিকমিউনিকেশন অপারেটর
টিপিও	টেলিফোন অপারেটর
ডিপিপি	ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল




Ovals mark represents the first step and the final step of the process
ওভাল চিহ্নটি যেকোনো প্রক্রিয়া/প্রসেসের শুরু বা শেষ প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।



Squares/rectangles represent a particular step or activity in the process
বর্গাকার/আয়তাকার চিহ্ন একটি সেবা প্রক্রিয়ার নির্দিষ্ট ধাপ/ক্রিয়া, কার্যকলাপের জন্য ব্যবহৃত হয়।



Diamonds show “yes-no” decision points
ডায়ামন্ড চিহ্নটি একটি সেবা প্রক্রিয়ার সিদ্ধান্ত গ্রহণ ধাপ প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।



Arrows show the flow, or movement, of the process from one step to the next
তীর চিহ্নটি এক ধাপ থেকে পরবর্তী ধাপের প্রবাহ বা প্রক্রিয়ার দিক প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।

P: Performer of the activity; a person, a group of persons, or a system
একটি নির্দিষ্ট ধাপের ক্রিয়া/কার্য সম্পাদনকারী ব্যক্তি/ব্যক্তিবর্গকে বুঝানোর জন্য ব্যবহৃত হয়।

T: Activity turnaround time
একটি নির্দিষ্ট ধাপের ক্রিয়া/কার্য সম্পাদন করতে যে সময় লাগে তা প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।

জেলা/উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরের সেবা প্রোফাইল বুক প্রণয়ন করা হয়েছে তার তালিকা			
প্রোফাইল বুক কোড	অফিসের নাম	অধিদপ্তর/সংস্থার নাম	মন্ত্রণালয়/বিভাগের নাম
উপজেলা পর্যায়ে দপ্তরসমূহ			
১/৩৬	উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর	মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়
২/৩৬	উপজেলা ভূমি অফিস	ভূমি মন্ত্রণালয়
৩/৩৬	উপজেলা কৃষি অফিস	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	কৃষি মন্ত্রণালয়
৪/৩৬	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫/৩৬	উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	স্থানীয় সরকার বিভাগ
৬/৩৬	সার্কেল/থানা	পুলিশ হেড কোয়ার্টার্স	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৭/৩৬	উপজেলা মৎস্য অফিস	মৎস্য অধিদপ্তর	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৮/৩৬	উপজেলা প্রাণিসম্পদ অফিস	প্রাণিসম্পদ অধিদপ্তর	
৯/৩৬	উপজেলা সমাজসেবা কার্যালয়	সমাজসেবা অধিদফতর	সমাজকল্যাণ মন্ত্রণালয়
১০/৩৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১১/৩৬	উপজেলা শিক্ষা অফিস	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১২/৩৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	শিক্ষা মন্ত্রণালয়
১৩/৩৬	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪/৩৬	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১৫/৩৬	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস	খাদ্য অধিদপ্তর	খাদ্য মন্ত্রণালয়
১৬/৩৬	উপজেলা হিসাবরক্ষণ অফিস	কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (সিজিএ)	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১৭/৩৬	উপজেলা পল্লী উন্নয়ন অফিস	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৮/৩৬	উপজেলা সমবায় অফিস	সমবায় অধিদপ্তর	
১৯/৩৬	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী অফিস, জনস্বাস্থ্য	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	স্থানীয় সরকার বিভাগ
২০/৩৬	উপজেলা আনসার ও ডিডিপি কার্যালয়	বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২১/৩৬	উপজেলা পরিসংখ্যান অফিস	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২২/৩৬	উপজেলা যুব উন্নয়ন অফিস	যুব উন্নয়ন অধিদপ্তর	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জেলা পর্যায়ে দপ্তরসমূহ			
২৩/৩৬	সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৪/৩৬	আঞ্চলিক পাসপোর্ট অফিস	বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২৫/৩৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত	গণপূর্ত অধিদপ্তর	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
২৬/৩৬	নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়	সড়ক ও জনপথ অধিদপ্তর	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৭/৩৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বিদ্যুৎ	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	বিদ্যুৎ বিভাগ
২৮/৩৬	পল্লী বিদ্যুৎ সমিতি	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড	
২৯/৩৬	উপ-আঞ্চলিক কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩০/৩৬	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বিডরিউডিবি	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	পানিসম্পদ মন্ত্রণালয়
৩১/৩৬	জেলা তথ্য অফিসারের কার্যালয়	গণযোগাযোগ অধিদপ্তর	তথ্য মন্ত্রণালয়
৩২/৩৬	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৩৩/৩৬	শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন	শিল্প মন্ত্রণালয়
৩৪/৩৬	জেলা ক্রীড়া অফিস	ক্রীড়া পরিদপ্তর	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩৫/৩৬	ইসলামিক ফাউন্ডেশন, জেলা কার্যালয়	ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩৬/৩৬	জেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়	বাংলাদেশ শিশু একাডেমী	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩৭/৩৭	নাগরিক সেবা তথ্য সারণি (৩৬টি অধিদপ্তর/সংস্থা)		



জনগণের দোরগোড়ায় সেবা
Service @ Doorsteps

এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়



মতামত প্রেরণ ও যোগাযোগ:

এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও
ঢাকা-১২১৫

৮৮-০২-৫৮১৫৪১৭৬
৮৮-০২-৯১৪৪৮৪৮
৮৮-০২-৯১০২৩৯৯

৮৮-০২-৯১১২২৭৬

sps@a2i.pmo.gov.bd

www.a2i.pmo.gov.bd

f /a2ibangladesh
y /a2ibangladesh
t /a2i_bd